

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার নং-০১

তারিখ : ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ঋণ/লিজ/অগ্রিম শ্রেণীকরণ প্রসঙ্গে

নভেল করোনাভাইরাস ডিজিজ (COVID-19) বর্তমানে বৈশ্বিক মহামারির আকার ধারণ করেছে। বিশ্ববাণিজ্যের পাশাপাশি বাংলাদেশের অর্থনীতির উপরও এর নেতিবাচক প্রভাব পড়ছে। দেশের সামগ্রিক অর্থনীতিতে করোনা ভাইরাসের বিরূপ প্রভাবের কারণে ঋণ গ্রহীতাদের আর্থিক ক্ষতি ও ঋণের অর্থ পরিশোধের বিষয়টি বিবেচনায় নিয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

"০১ জানুয়ারি ২০২০ তারিখে বিদ্যমান ঋণ/লিজ/অগ্রিমের শ্রেণীমান ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত অপরিবর্তিত থাকবে।
তবে এ সময়ে কোন ঋণ/লিজ/অগ্রিমের শ্রেণীমানের উন্নতি হলে তা যথাযথ নিয়মে পরিবর্তন করা যাবে।"

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রফিকুল ইসলাম)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোন : ৯৫৩০৫১৮